

2023-12

IUB Theatre stages classic folk play 'Dewana Madina'

Prothom Alo

<https://ar.iub.edu.bd/handle/11348/1110>

Downloaded from IUB Academic Repository

বাংলাদেশ

আইইউবিতে মঞ্চস্থ হলো 'দেওয়ানা মদিনা'

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ২৯ নভেম্বর ২০২৩, ২৩: ৫৯



আইইউবির থিয়েটার ক্লাবের পরিবেশনায় 'দেওয়ানা মদিনা' নাটক মঞ্চস্থ হয় ছবি: সংগৃহীত

নতুন প্রজন্মের কাছে বাংলার লোক ঐতিহ্যকে তুলে ধরতে ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশে (আইইউবি) মঞ্চস্থ হলো মনসুর বয়াতি রচিত পালা নাটক 'দেওয়ানা মদিনা'। বিশ্ববিদ্যালয়ের থিয়েটার ক্লাবের পরিবেশনায় এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে গত মঙ্গলবার আইইউবি মিলনায়তনে নাটকটি মঞ্চস্থ হয়।

শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকীর পরিকল্পনায় ৬৪টি জেলা ও ১৪টি বিশ্ববিদ্যালয়ে এই কর্মসূচি পরিচালিত হচ্ছে। দেওয়ানা মদিনা এই কর্মসূচির তৃতীয় এবং আইইউবি থিয়েটারের ২১তম প্রযোজনা। আইইউবির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়।

দর্শক সারিতে উপস্থিত থেকে নাটকটি উপভোগ করেছেন আইইউবির উপাচার্য তানভীর হাসান, বাংলাদেশ শিল্পকলা একাডেমির নাট্যকলা ও চলচ্চিত্র বিভাগের উপপরিচালক আলী আহমেদ মুকুল, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স বিভাগের সহযোগী অধ্যাপক আল জাবির, আইইউবি থিয়েটারের সমন্বয়ক মমতাজ পারভীন এবং আইইউবির শিক্ষার্থীরা।

নাটকটিতে অভিনয় করেন আইইউবির শিক্ষার্থী আনিকা বুশরা, মো. বাসিতুল্লাহ খান, মো. তৌহিদুল ইসলাম, সানজিদা আক্তার, আশরাফুল করিম চৌধুরী, আবদুল্লাহ আল মাহিন, মুবাল্লিক হক মৃধা, সৌহার্দ্য পাল, সামিয়া রেজা, আনিকা ফাইরোজ, মো. সৌমিক উদ্দিন, মোছা. সাদিয়া আফরিন, মুবাশশির আল জামী।

সংগীত সহযোগিতায় ছিল ভিনস ব্যান্ড, জাহিদ হাসান, স্নাঘা অধিকারী, শরীফ মোহাম্মদ শাহজালাল পরান, এস এম শাকিল আমিন এবং আইইউবি মিউজিক ক্লাব।

